গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল

আগস্ট / ২০২০ মাসের ইনোভেশন টীমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ যুগ্ম-সচিব
সভার তারিখ	১৭/০৮/২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের ইনোভেশন টীম সভাপতি মহোদয়ের অফিস কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ এবং আওতাধীন দপ্তর / সংস্থা জুম-এ সংযুক্ত
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় সভায় উপস্থিত ও অনলাইনে (জুমে) সংযুক্ত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ২০২০-২০২১ অর্থবছরে এটি প্রথম সভা। তিনি গত অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের অগ্রগতি ও স্ব-মূল্যায়িত প্রতিবেদন সম্পর্কে আলোকপাত করেন। তিনি উল্লেখ করেন যে ২০১৯-২০২০ অর্থবছরে অত্র মন্ত্রণালয় ৮৫.০ মার্ক অর্জন করে। আওতাধীন দপ্তর সংস্থার মধ্যে সর্বোচ্চ মার্ক ৮১.৬৭ বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল অর্জন করেছেন এবং সর্বনিম্ন মার্ক ৩৩.৮০ মেরিন ফিশারিজ একাডেমী অর্জন করেছে। সভাপতি মহোদয় বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল-কে অভিনন্দন জ্ঞাপন করেন এবং বর্তমান অর্থবছরে আওতাধীন সকল দপ্তর / সংস্থা যেন খুব ভাল করে সে বিষয়ে যথাযথ কার্যক্রম করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। আওতাধীন দপ্তর/সংস্থার অগ্রগতি সন্তোষজনক নয় মর্মে তিনি উল্লেখ করেন। সভাপতি দুঃখ প্রকাশ করে উল্লেখ করেন্ন যে, আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টীমের কার্যক্রমের গতি হারিয়ে ফেলেছে। এছাড়া, তিনি মনে করেন যে, কোভিদ-১৯-এর কারণে অনেক কার্যক্রম সম্পাদিত হয়নি এবং সেকারনে অনেকে কম নম্বর অর্জন করেছে। তিনি সভাকে জানান যে, অসম্পাদিত কার্যক্রমের মধ্যে "ইনোভেশ শোকেসিং" কোভিড-এর কারণে সম্পন্ন করা যায়নি যদিও শিল্পকলা একাডেমীতে গত ২৯ শে এপ্রিল, ২০২০ শোকেসিং-এর জন্য স্থান বরাদ্দ নেওয়া হয়।

আলোচনায় অংশনিয়ে উপসচিব (মৎস্য- ১) বলেন যে, আওতাধীন দপ্তর/সংস্থা তাঁর ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কার্যক্রমে উল্লেখিত টার্গেটগুলো অর্জনযোগ্য বা বাস্তবায়িতব্য। ফলে, বছরের শুরুতেই যদি সকলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেন তাহলে ইহা সহজেই বাস্তবায়িত হবে।

উদ্ভাবন কার্যক্রমের সকল তথ্য ওয়েবসাইটে হালনাগাদ রাখার বিষয়ে মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট উল্লেখ করেন এবং তিনি জানান যে, যখনই উদ্ভাবন কর্মপরিকল্পনার যেকোন কার্যক্রম সমাপ্ত হবে তখনই যেন তা স্বীয় ওয়েবসাইটে হালনাগাদ করা হয়।

গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ শুধুমাত্র ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমে খরচ করার বিষয়ে আলোচিত হয়। এখাতের টাকা অযথা অন্য কার্যক্রমে খরচ না করার বিষয়ে আলোচনা হয়। গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয়ের লক্ষ্যে বছরের শুরুতেই উপযুক্ত খাতে যাচাই-বাছাই করে বরাদ্দ প্রদান করার বিষয়ে বিশদ আলোচনা হয় এবং তা মন্ত্রণালয়কে জানানোর বিষয়ে সকলে একমত পোষণ করেন।

বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় হচ্ছে কিনা তা সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে যাচাই-বাছাই করার বিষয়ে আলোচনা হয়। বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সকলে আশা ব্যক্ত করেন।

যে সকল দপ্তর / সংস্থায় ইনোভেশন টীম নতুন করে গঠন করতে হবে বা পুনঃগঠন করার প্রয়োজন তাঁরা ইনোভেশন গেজেট

অনুসরণ করে নির্ধারিত ছকে ইনোভেশন টীম গঠন নিশ্চিত করার বিষয়ে সভাপতি অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, সকল দপ্তর / সংস্থার ইনোভেশন টীমের হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে এবং তা স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করে হালনাগাদ করবে।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে নতুন উদ্যোমে কাজ করার আহবান জানান। তিনি বলেন আওতাধীন দপ্তর/সংস্থা তাঁর ইনোভেশন টীম প্রত্যেক মাসে সভা করবেন এবং নিয়মিত ইনোভেশন কর্মপরিকল্পনা অবলোকন করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া, সভার সিদ্ধান্ত স্ব স্ব দপ্তর / সংস্থার প্রধানকে অবহিত করবেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

১। সংশ্লিস্ট সকলে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ নিয়মিত অবলোকন করবেন ও সেমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২। ইনোভেশনের তথ্যসমূহ যথাযথভাবে ওয়েবসাইটে হালনাগাদ রাখতে হবে।
৩। ২০২০-২০২১ অর্থবছরে গবেষণা খাতে বরাদ্দকৃত টাকা উপযুক্ত ইনোভেশন কার্যক্রমে ব্যয় করতে হবে এবং মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
৪। যে সকল ইনোভেশন প্রকল্পে অর্থ বরাদ্দ দেওয়া হবে সে গুলো যথাযথাভাবে পরিদর্শন করে যথার্থতা যাচাই করতে হবে।
৫। ইনোভেশন গেজেট অনুসরণ করে ইনোভেশন টীম গঠন / পুনঃগঠন করতে হবে এবং সকল দপ্তর / সংস্থা ইনোভেশন টীমের হালনাগাদ তথ্য মন্ত্রণালয়ের প্রেরণ করবে।
৬। আওতাধীন দপ্তর / সংস্থার স্ব স্ব ইনোভেশন টীমের সভার সিদ্ধান্ত তাঁর দপ্তর / সংস্থার প্রধানকে অবহিত করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ
যুগ্ম-সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.৯০ | তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭
০৮ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
২) উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
৩) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৪) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
৫) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর
৬) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
৭) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
৮) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
৯) উপ-সচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১০) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১১) রেজিস্ট্রার, , বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।

১২) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন প্রতিবেদন সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৫) রেজিস্ট্রার, , বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।

Elias

মোঃ ইলিয়াস হোসেন

সিস্টেম এনালিস্ট